



## উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়



ঢাকা বিশ্ববিদ্যালয়

১৯ মার্চ ২০২৩ রবিবার সকাল ০৯:০০ টায় উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা নবাগত শিক্ষার্থীদের ফুল দিয়ে এবং সৎশ্লিষ্ট শ্রেণিশিক্ষকগণ তাদেরকে উপহার দিয়ে বরণ করে নেন। উক্ত অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন বিদ্যালয়ের অধ্যক্ষ জনাব জহুরা বেগম। উক্ত অনুষ্ঠানে আরো বক্তব্য প্রদান করেন একাদশ-দ্বাদশ শ্রেণির সমন্বয়কারী সহকারী অধ্যাপক মোছাঃ আছমা খাতুন এবং সহকারী অধ্যাপক মুহাম্মদ আরিফুর রহমান। অনুষ্ঠানে উদয়নের প্রাক্তন শিক্ষার্থী বর্তমানে বুয়েটে ৩য় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থী মনীষা রানী সাহা নবীনদের উদ্দেশ্যে উৎসাহমূলক বক্তব্য প্রদান করে। অনুষ্ঠানটি শুরু হয় দুপুর ২:০০ টায়। অনুষ্ঠানটি দুটি পর্বে অনুষ্ঠিত হয়। প্রথম পর্বে ছিল আলোচনা এবং দ্বিতীয় পর্বে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ আবুল মুনসুর।



সভাপতি ও অতিথিবৃন্দের আসন গ্রহণ



পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী বিজ্ঞান-ডি শাখার শিক্ষার্থী খালিদ সাইফুল্লাহ



গীতা পাঠ করে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী বিজ্ঞান-বি শাখার শিক্ষার্থী স্বর্ণালী বিশ্বাস অতুলী



ত্রিপিটক পাঠ করে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী বিজ্ঞান-এ শাখার শিক্ষার্থী বি. এন. প্রত্যয় বড়ুয়া



একাদশ শ্রেণির নবীনদের পক্ষে বক্তব্য রাখে বিজ্ঞান-এ শাখার শিক্ষার্থী সামসুন নাহার



দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের পক্ষ থেকে নবীনদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখে ওয়াহিদ তাওসিফ প্রহর



অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী এবং বুয়েটের ৩য় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থী মনীষা রানী সাহা



শিক্ষকবৃন্দের পক্ষ থেকে বক্তব্য রাখেন একাদশ ও দ্বাদশ শ্রেণির সমন্বয়কারী সহকারী অধ্যাপক জনাব মোছাঃ আছমা খাতুন



শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক জনাব মুহাম্মদ আরিফুর রহমান



শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন বিদ্যালয়ের অধ্যক্ষ জনাব জহুরা বেগম



দ্বিতীয় পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান সঞ্চালনকারীবন্দ



নবীনবরণে উপস্থিত শিক্ষক এবং শিক্ষার্থীদের একাংশ



সাংস্কৃতিক অনুষ্ঠানের একাংশ



সংগীত পরিবেশনার একাংশ



নাটিকা পরিবেশন



সংগীত পরিবেশনা



শিক্ষকদের সাথে নবীন শিক্ষার্থীদের ফটোসেশন